দৈনিক
ইত্তেফাক

তারিখ ...16 NOV. 2015...
পৃষ্ঠা ...২০... কলাম ...৬...

# আজ মাথায় কাফনের কাপড় বেঁধে প্রতিবাদ জানাবেন শিক্ষকরা

## এমপিওভুক্তির দাবিতে সাড়া নেই সরকারের

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন জাতীয় প্রেসক্লাবের সামনে গতকাল রবিবার লাগাতার আন্দোলনের ২১তম দিনে অবস্থান কর্মসূচির পাশাপাশি গণস্বাক্ষর সংগ্রহ শুরু করেছে। এমপিওভুক্তির বিষয়টি গণদাবিতে পরিণত হলেও এখনো পর্যন্ত সরকারের কোনো সাড়া না পাওয়ায় আজ সোমবার মাথায় কাফনের কাপড় বেঁধে প্রতিবাদ কর্মসূচি পালন করবেন শিক্ষক-কর্মচারীরা। এ প্রসঙ্গে সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ তাপস কুমার কুন্ডু বলেন, আমরা নন-এমপিও শিক্ষক-কর্মচারীরা মানবেতর অবস্থায় বেঁচে আছি। অধিকাংশ শিক্ষক-কর্মচারী চাকরি জীবনের অর্ধেক সময় পার করলেও তাদের পেশাগত কোনো নিশ্চয়তা নেই। এছাড়া এমপিওভুক্ত না হওয়ায় অনেক নন-এমপিও পৃষ্ঠা ২ কলাম ৩

## আজ মাথায় কাফনের

২০ পৃষ্ঠার পর

শিক্ষা প্রতিষ্ঠান মাঝপথে বন্ধ হয়ে যাওয়ারও আশঙ্কা দেখা দিয়েছে।

গতকাল শিক্ষকদের অবস্থান কর্মসূচিতে সংহতি জানিয়ে বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক রোবায়েত ফেরদৌস। তিনি অবিলম্বে এমপিওভুক্তির ন্যায্য দাবি মেনে নিতে সরকারের প্রতি আহবান জানান। এ সময় সংগঠনের সভাপতি অধ্যক্ষ মো. এশারত আলী, সহ-সভাপতি অধ্যক্ষ সাজ্জাদ হোসেন প্রমুখ বক্তব্য রাখেন।

**শিক্ষকদের দাবি মেনে নেয়ার আহ্বান বিএনপির:** আন্দোলনরত নন এমপিও শিক্ষকদের ন্যায্য দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছে বিএনপি। একই সঙ্গে অনতিবিলম্বে কেন্দ্রীয়ভাবে শিক্ষক নিয়োগে পরীক্ষা পদ্ধতি চালু করারও দাবি জানিয়েছে তারা। গতকাল রবিবার সন্ধ্যায় বিএনপি কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক প্রেস ব্রিফিংয়ে দলটির মুখপাত্র ড. আসাদুজ্জামান রিপন এ দাবি জানান।

রিপন বলেন, সরকার শিক্ষকদের বিষয়টির প্রতি মোটেই সহানুভূতিশীল বলে মনে হচ্ছে না। তিনি বলেন, 'ফ্লাইওভারে ২ হাজার কোটি টাকার কাজ ছয় হাজার কোটি টাকা হয়ে যায়। রূপপুর পারমাণবিক প্রকল্প ২০ হাজার কোটি টাকা থেকে লাখ কোটি টাকায় দাঁড়ায়। অথচ শিক্ষকদের দাবি ও পাওনা পরিশোধে মাত্র কয়েকশ কোটি টাকার সংস্থান করতে পারে না সরকার। এভাবে শিক্ষকদের অপমান জাতি মেনে নিতে পারে না।'